এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.**▶পৃথিবীতে ইসলাম, হিন্দু, খ্রিষ্ট, বৌদ্ধ প্রভৃতি ধর্মের প্রচলন রয়েছে। সুফিয়ান তাই মনে করে, যে কোনো ধর্ম গ্রহণ বা অনুসরণ করলেই হবে। কিন্তু নাহিয়ান তার সাথে দ্বিমত পোষণ করে বলে, ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম গ্রহণ বা অনুসরণ করা যাবে না। কেননা, ইসলাম হলো পরিপূর্ণ জীবনব্যবস্থা।

ক. ইসলাম কী? ১

খ. মানুষকে সৃষ্টির সেরা জীব বলা হয় কেন? ২

গ. ধর্ম গ্রহণ বিষয়ে সুফিয়ানের ধারণা ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত নাহিয়ানের মনোভাবের যৌক্তিকতা তুলে ধর। ৪

**২.**▶আফজাল গনি রুহিতপুর বাজারে তরকারি বিক্রি করেন। তিনি তরকারি সতেজ রাখতে ফরমালিন ব্যবহার করেন। এছাড়া তিনি পচা তরকারি ক্রেতাদের ব্যাগে দিয়ে দেন। এমনকি তিনি ওজনে কম দিতে পণ্য মাপার পাল্লার নিচে একটি চুম্বক লাগিয়ে রাখেন। তার ভাবনা তিনি এভাবে অতিদ্রুত অর্থনৈতিক উন্নতি সাধন করতে পারবেন।

ক. 'কুফর' শব্দের অর্থ কী? ১

খ. তাকদিরের প্রতি বিশ্বাস বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আফজাল গনির কর্মকাণ্ডে তোমার পঠিত কোন বিষয়ের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আফজালের ভাবনার সাথে কি তুমি একমত পোষণ কর? মতামত দাও। ৪

**৩.**▶আকরাম সাহেব ও আদনান সাহেব দুই বন্ধু। আকরাম সাহেব ব্যবসা করে প্রচুর অর্থ উপার্জন করেছেন। তার ধারণা কর্মের দ্বারাই তিনি উপার্জন করেছেন এবং তাকদির বলে কিছু নেই। পক্ষান্তরে আদনান সাহেব পবিত্র কুরআন ও মহানবি (স)কে-ঠাট্টা উপহাস করেন। তারা উভয়েই নিজেদেরকে ইমানদার ও মুসলমান বলে দাবি করেন।

ক. সিরাত কী? ১

খ. ইসলামের জন্য মুনাফিকরা খুবই ক্ষতিকর কেন? ২

গ. আকরাম সাহেবের ধারণা কীসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদনান সাহেবের কর্মকাণ্ডের পরিণতি ও কুফল ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.**▶ সাজিব ও সাজিদ ঘনিষ্ঠ বন্ধু। সাজিব প্রায়ই ফজরের সালাত সূর্যোদয়ের পর এবং আসরের সালাত সূর্যাস্তের সময় আদায় করে। সাজিদ এলাকার যুবকদের সত্য কথা বলা ও নিয়মিত সালাত আদায় করার জন্য আহ্বান জানালে কতিপয় যুবক তার কথা শুনে কটূক্তি করে। যুবকদের অত্যাচার অসহনীয় পর্যায়ে পৌঁছলে সে শিক্ষকের শরণাপন্ন হয়, শিক্ষক কুরআনের নিম্নোক্ত আয়াতটি পড়ে শোনান—

ان مع العسر يسرا

ক. 'ফারগব' শব্দের অর্থ কী? ১

খ. 'আমি মানুষকে সুন্দরতম আকৃতিতে সৃষ্টি করেছি'— বুঝিয়ে লেখ। ২

গ. সাজিবের কাজের মাধ্যমে কাদের বিশেষ বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাজিদের কার্যক্রম সূরা আল-ইনশিরাহ-এর আলোকে মূল্যায়ণ কর। ৪

৫. ▶ জনাব মাসুদ এক আল্লাহতে বিশ্বাস করেন। কিন্তু তিনি সালাত, সাওম ইত্যাদি কিছুই পালন করেন না। তিনি বলেন, অন্তর ঠিক থাকলেই চলবে। বাহ্যিক ইবাদতের দরকার নেই। জনাব আশরাফ শুনে বললেন, সুষ্ঠু ও সুন্দরভাবে জীবন পরিচালনা করা এবং ইহকালীন কল্যাণ ও পরকালীন মুক্তির জন্য শরিয়তের পরিপূর্ণ অনুসরণ অপরিহার্য।

ক. সূরা 'আশ-শামস' কোন পর্যায়ের সূরার অন্তর্গত? ১

খ. কুরআন তিলাওয়াত উত্তম ইবাদত কেন? ২

গ. জনাব মাসুদের এরূপ কাজ ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আশরাফের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

৬. ▶ জনাব সুরুজ মিয়া হাজার কোটি টাকার মালিক। কিন্তু পারিবারিক জীবনে তিনি সুখী নন। একের পর এক বিপদ-আপদ লেগেই আছে। এই বিপদ-আপদ থেকে মুক্তি পেতে মসজিদের ইমাম সাহেবের কাছে দোয়া চাইতে গেলে ইমাম সাহেব বলেন, আপনার সম্পদে গরিব মানুষের যে অধিকার রয়েছে তা দিয়ে দিন। এতে আপনার বিপদ-আপদও কাটবে, আপনার সম্পদ পবিত্র হবে এবং বৃদ্ধি পাবে। জনাব সুরুজ মিয়া ইমাম সাহেবের পরামর্শক্রমে তাই করলেন। ফলে তিনি সকল প্রকার বিপদ-আপদ থেকে মুক্ত হয়ে সুখী পারিবারিক জীবনযাপন করতে শুরু করলেন।

ক. ইসলামের দৃষ্টিতে জিহাদ কয় প্রকার? ১

খ. জিহাদ বলতে কী বোঝ? ২

গ. ইমাম সাহেবের পরামর্শে ইসলামের কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুরুজ মিয়ার মতো সকলে যদি ইমাম সাহেবের পরামর্শ সঠিকভাবে পালন করেন তবে দেশের সম্পদের প্রবাহ গতিশীল হবে — মতামত দাও। ৪

৭. ▶ কৃষক তাজু মিয়া পড়ালেখা জানেন না। তিনি তার ছেলে কবিরকে কৃষিকাজের সাথে সম্পৃক্ত করতে চান না। তাই তিনি তার ছেলেকে এমন একটি প্রতিষ্ঠানে পড়ালেখা করতে দিয়েছেন যেখানে ইসলামকে পূর্ণাঙ্গ ও পরিপূর্ণরূপে তুলে ধরার জন্য শরীর, মন ও আত্মার সমন্বিত বিকাশ সাধিত হয়। তাজু মিয়া মনে করেন, তার সন্তানের এই বিকাশ ছেলেকে পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক জীবনের পাশাপাশি আল্লাহর পথে সঠিকভাবে পরিচালিত করতে সাহায্য করবে।

ক. ইসলামি শিক্ষার ভিত্তি কয়টি মূলনীতির ওপর প্রতিষ্ঠিত? ১

খ. 'ছাত্র-শিক্ষক সম্পর্ক হলো আত্মার সম্পর্ক'—ব্যাখ্যা কর। ২

গ. কবিরকে যে শিক্ষা অর্জন করতে দেয়া হয়েছে পাঠ্যপুস্তকের আলোকে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর, কবিরের মতো প্রত্যেক মুসলমানের এ ধরনের শিক্ষা গ্রহণ করা জরুরি? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶আজমল সাহেব উচ্চ শিক্ষিত হলেও তার কথাবার্তা ও আচার-আচরণে সৌজন্যবোধের চিহ্নমাত্র নেই। তার চাল-চলন, ওঠা-বসা, লেনদেন সবকিছুই আপত্তিকর। অপরদিকে তারই বন্ধু আসগর সাহেবের সততা, সদাচার, সুন্দর স্বভাব, মিষ্টিকথা ও উন্নত চরিত্রে সবাই মুগ্ধ।

ক. ইসলাম শিক্ষার মূল উৎস কয়টি? ১

খ. একজন শিক্ষার্থীর যে কোনো দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. আজমল সাহেবের শিক্ষায় কোন দিকটির অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আসগর সাহেবের এরূপ আচরণ ইসলামের আলোকে মূল্যায়ন কর। ৪

৯.▶ মুজিবুল হক নামের এক ধনী কৃষক পরোপকারের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। তিনি ইসলামি জীবনবিধান পরিপূর্ণভাবে পালন করতেন। ছোট-বড়, ধনী-গরিব, মুসলিম-অমুসলিম সকলকেই তিনি সাধ্যমতো সাহায্য-সহযোগিতা করতেন। এলাকার সকলের খোঁজ-খবর নিতেন। বিপদগ্রস্ত অভাবীদের সহায়তা করতেন। তাঁর দয়া-মায়া ও সহানুভূতি থেকে তাঁর চরম শত্রুরাও বঞ্চিত হতো না। মৃত্যুর প্রায় ত্রিশ বছর পরও এলাকার মানুষ তাঁর এসব গুণ প্রকাশ করে বেড়ায়।

ক. মানবসেবা কোন ইবাদতের অন্তর্ভুক্ত? ১

খ. 'সমাজের সকলকে ভাইয়ের মমতায় দেখলে সমাজে শান্তি আসবে"— ব্যাখ্যা কর। ২

গ. হযরত মুহাম্মদ (স)-এর যে গুণগুলো মুজিবুল হকের চরিত্রে প্রকাশিত হয়েছে সেগুলো পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর মুজিবুল হকের এ গুণগুলো সমাজে সুখ-শান্তি আনয়নে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ তাঁকে সৃষ্টি না করলে আল্লাহ পৃথিবী সৃষ্টি করতেন না। এই কথা বলে মাওলানা আব্দুল গফুর তার ওয়াজ মাহফিল শুরু করলেন। তিনি উল্লেখ করেন, অজ্ঞতার যুগে আরব সমাজের নরহত্যা, রাহাজানি, খুন-খারাবি, ডাকাতি, মারামারি, কন্যাসন্তানকে জীবন্ত কবর দেওয়া, জুয়াখেলা ইত্যাদি অসামাজিক কার্যকলাপ মানুষের সুখ-শান্তি কেড়ে নিয়েছিল। উক্ত যুগে কবিতা রচনার কারণে আরবরা বিশ্বে খ্যাতি অর্জন করেছিল।

ক. শব্দের বাংলা অর্থ কী? ১

খ. জাহিলি যুগে আরবের সাংস্কৃতিক অবস্থা কীরূপ ছিল? ২

গ. উদ্দীপকে কোন যুগের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. "উক্ত যুগে কবিতা রচনার কারণে আরবরা বিশ্বে খ্যাতি অর্জন করেছিল"— মন্তব্যটির যথার্থতা নির্ণয় কর। ৪

১১.▶জনাব আমির সাহেব একজন দায়িত্ব সচেতন চেয়ারম্যান। বিভিন্ন সরকারি সাহায্য যথাযথভাবে বিতরণের জন্য গভীর রাতে ঘুরে ঘুরে অনুসন্ধানের মাধ্যমে তালিকা তৈরির চেষ্টা করেন। এছাড়া সালিশি-বিচারে আপন-পর না ভেবে ন্যায়বিচারের চেষ্টা করেন এবং পাশাপাশি মহান আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলেন।

ক. ইসলামের প্রথম খলিফার নাম কী? ১

খ. বিদায় হজের ভাষণে মহানবি (স) দাস-দাসীদের প্রতি কেমন ব্যবহার করতে বলেছেন? ২

গ. চেয়ারম্যান সাহেব কোন খলিফার আদর্শের অনুসরণে দায়িত্ব পালনের চেষ্টা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমির সাহেবের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. জনাব তাহির কখনোই আল্লাহ ছাড়া কারও কাছে মাথানত করেন না। এর ফলে তিনি পরিণত হবেন একজন–**
i. সফল মানুষে
ii. আত্মমর্যাদাবান মানুষে
iii. জ্ঞানী ও ধনী মানুষে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২. 'কাফির' শব্দের অর্থ কী?**
ⓚ অবিশ্বাসী ⓚh অংশীবাদী
ⓖ মিথ্যাবাদী ⓖh পাপাচারী

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
নেহাল একজন সাম্যবাদী ব্যক্তি। সে বিশ্বাস করে, কুরআন মাজিদ পূর্ববর্তী আসমানি কিতাবের মতো যার প্রয়োগ বর্তমানে প্রযোজ্য নয়।

**৩. নেহালের বিশ্বাসে কোনটি প্রতিফলিত হয়েছে?**
ⓚ কুফর ⓚh শিরক
ⓖ নিফাক ⓖh ফিসক

**৪. উক্ত বিশ্বাসের ফলে নেহাল–**
i. অবাধ্য হিসেবে পরিচিত হবে
ii. পাপাচারে অভ্যস্ত হয়ে পড়বে
iii. অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৫. ইমরান একজন সমাজকর্মী। কিন্তু প্রায়ই তিনি সাহায্যপ্রার্থীদের দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ করেন। ইমরানের আচরণে কীসের চিহ্ন ফুটে উঠেছে?**
ⓚ কাফিরের ⓚh মুশরিকের
ⓖ হাসাদের ⓖh মুনাফিকের

**৬. নিফাক থেকে বাঁচতে করণীয়–**
i. আত্মীয় ও প্রতিবেশীদের কাছে এর পরিণতি বলা
ii. নিজ জীবনে উত্তম চরিত্র অনুশীলন করা
iii. সর্বশ্রেষ্ঠ হাদিসগ্রন্থ অধ্যয়ন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৭. হাদিসের আলোকে কে আল্লাহ তায়ালার নিকট প্রিয়?**
ⓚ সাহায্যকারী মুসলিম
ⓚh সাহায্যকারী আত্মীয়
ⓖ সাহায্যকারী প্রতিবেশী
ⓖh সাহায্যকারী শাসক

**৮. কারা ইসলামের জন্য জীবন উৎসর্গকারী?**
ⓚ মুমিন ⓚh শহিদ
ⓖ গাজী ⓖh মুজাহিদ

**৯. মুমিন ব্যক্তি সর্বাবস্থায় কার ওপর ভরসা করেন?**
ⓚ নিজের ⓚh বুদ্ধির
ⓖ আল্লাহর ⓖh ইমানের

**১০. 'আর রহমান' শব্দের অর্থ কী?**
ⓚ দয়াময় ⓚh সবরকারী
ⓖ সর্বশক্তিমান ⓖh মহামহিম

**১১. উম্মতের জন্য সর্বাধিক কল্যাণকামী কে?**
ⓚ আদম (আ) ⓚh নূহ (আ)
ⓖ ঈসা (আ) ⓖh মুহাম্মাদ (স)

**১২. কোন যুগে ইজমার পূর্ণাঙ্গ প্রচলন ঘটে?**
ⓚ মহানবি (স) এর যুগে
ⓚh সাহাবিগণের যুগে
ⓖ তাবেঈগণের যুগে
ⓖh তাবে তাবেঈগণের যুগে

**১৩. মিনহাজ সাহেব একজন সামাজিক মানুষ। সুতরাং তার কর্তব্য–**
i. প্রতিবেশীর বিপদে সাহায্য করা
ii. মসজিদে গিয়ে নামায পড়া
iii. দাওয়াত কবুল করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৪. সূরা তাওবায় "সাদাকা" শব্দ দ্বারা কী বোঝানো হয়েছে?**
ⓚ ধন-সম্পদকে ⓚh যাকাতকে
ⓖ দানকে ⓖh সাহায্যকে

**১৫. যারা আল্লাহর পথে অর্থ ব্যয় করে না তাদেরকে কীসের সংবাদ দেয়া হয়েছে?**
ⓚ জান্নাতের ⓚh পুরস্কারের
ⓖ কঠিন শাস্তির ⓖh ধন-সম্পদের

**১৬. যাকাতের অন্যতম নৈতিক গুরুত্ব হচ্ছে–**
i. নৈতিক উন্নতি
ii. বেকারত্ব হ্রাস
iii. আত্মিক প্রশান্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৭. **কোন মাসে হজ পালনের বিধান রয়েছে?**
ক রমযান খ জিলহজ
গ জিলকদ ঘ মহরম

১৮. **জীবনে কতবার হজ ফরজ?**
ক এক খ দুই
গ তিন ঘ চার

১৯. **তাসলিমা খাতুন একজন তাকওয়াবান ব্যক্তি। তিনি—**
i. ইহকালীন জীবনে সম্মান ও মর্যাদা লাভ করবেন
ii. হাশরের মাঠে নবিগণের সঙ্গী হবেন
iii. পরকালীন জীবনে সফলতা লাভ করবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. **'দীনের ব্যাপারে কোনো জবরদস্তি নেই'— কোন সূরায় বলা হয়েছে?**
ক বাকারা খ রহমান
গ হাশর ঘ মায়িদা

২১. **'নিশ্চয়ই প্রস্রাবই বেশির ভাগ কবর আযাবের কারণ হয়ে থাকে'— বাণীটি কার?**
ক মহান আল্লাহর খ মহানবি (স)-এর
গ আবু বকর (রা)-এর ঘ উমর (রা)-এর

২২. **ফিতনা ও ফাসাদ কোন ধরনের শব্দ?**
ক ফার্সি খ আরবি
গ হিন্দি ঘ পর্তুগিজ

২৩. **ইসলামের লক্ষ্য হলো —**
i. শৃঙ্খলাপূর্ণ জাতীয় জীবন গড়ে তোলা
ii. শান্তিময় বিশ্ব উপহার দেওয়া
iii. সুশৃঙ্খল সামাজিক জীবন গঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **কর্মবিমুখতার ফলে অপচয় হয়—**
i. শক্তি
ii. সময়
iii. অর্থ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
প্রভাপুরবাসী ইদানিং ধর্মীয় শিক্ষা ভুলে অসামাজিক কার্যকলাপে লিপ্ত হয়ে পড়েছে। তাদের আচার ব্যবহার ও চালচলন বর্বরতা যুক্ত ও মানবতার পরিপন্থি। এ অবস্থায় সেখানে একজন ধর্মপ্রাণ ব্যক্তির আবির্ভাব ঘটল। তিনি প্রভাপুরবাসীর মুক্তির উদ্দেশ্যে বিভিন্ন কল্যাণমূলক কাজ করলেন।

২৫. **প্রভাপুরের পরিস্থিতির সাথে আরবের কোন সময়ের পরিস্থিতি সামঞ্জস্যপূর্ণ?**
ক মহানবি (স)-এর আবির্ভাবের পূর্বের সময়
খ মহানবি (স)-এর নবুয়ত লাভের পরের সময়
গ আবু বকর (রা)-এর খিলাফতকাল
ঘ উমর (রা)-এর খিলাফতকাল

২৬. **উক্ত সময়ে আরব সমাজের নারীদের—**
i. দাসী হিসেবে বিক্রি করা হতো
ii. ভোগের বস্তু মনে করা হতো
iii. অর্থনৈতিক স্বাধীনতা দেওয়া হতো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. **রাসুল (স) শান্তিসংঘ গঠন করেছিলেন কেন?**
ক শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য
খ অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনের জন্য
গ রাজনৈতিক ঐক্য গড়ে তোলার জন্য
ঘ সামরিক বাহিনীর উন্নতির জন্য

২৮. **হারবুল ফিজার—**
i. নিষিদ্ধ মাসে হয়েছিল
ii. কায়স এবং কুরাইশদের মধ্যে হয়েছিল
iii. সিরিয়ায় সংঘটিত হয়েছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **জামান সাহেব ও তার সঙ্গীরা বিনা বাধায় তাদের নিজ মাতৃভূমিকে শত্রুমুক্ত করে সেখানে ঘর তৈরি করে। রাসুল (স)-এর কোন কাজের সাথে এর মিল রয়েছে?**
ক হিজরত খ শান্তিসংঘ গঠন
গ আরাফায় ভাষণ ঘ মক্কা বিজয়

৩০. **হযরত উসমানকে জামিউল কুরআন বলা হয় কেন?**
ক তিনি কুরআন সংকলন করেছেন বলে
খ তিনি কুরআন সংরক্ষণ করেছেন বলে
গ তিনি বিদ্রোহীদের দমন করেছেন বলে
ঘ তিনি বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতেন বলে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |